



বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
BANGLADESH SUGAR & FOOD INDUSTRIES CORPORATION
HEAD OFFICE : CHINISHILPA BHABAN, 3, DILKUSHA C/A, DHAKA-1000.
www.bsfc.gov.bd

নম্বর : ৩৬.০৪.০০০০.০১১.২১.০০১.২৫. ২২৮০

তারিখ : ২৬.১১.২০২৫ খ্রি.


বিজ্ঞপ্তি

বিষয়: বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) দাখিলকরণ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, বিএসএফআইসি সদর দপ্তর এবং এর অধীন মিল/প্রতিষ্ঠানে কর্মরত অনেক কর্মকর্তার ২০২৩ ও ২০২৪ সালের এসিআর অদ্যাবধি প্রশাসন উপবিভাগের এসিআর সংরক্ষণকারী (ডোসিয়ার সংরক্ষণকারী) কর্মকর্তার কাছে পৌঁছায়নি। ইতোপূর্বে এসিআর দাখিল করার জন্য মৌখিকভাবে সকলকে অনুরোধ করা হলেও বর্ণিত সালের এসিআর অদ্যাবধি প্রশাসন উপবিভাগে জমা হয়নি। বার্ষিক গোপনীয় অনুশাসন মালা-২০২০ এ পূর্ববর্তী বছরের এসিআর পরবর্তী বছরের জানুয়ারী মাসের মধ্যে অনুবেদনাধীন কর্মকর্তা অনুবেদনকারী কর্মকর্তার নিকট, ফেব্রুয়ারী মাসের মধ্যে অনুবেদনকারী কর্মকর্তা প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা ডোসিয়ার সংরক্ষণকারীর নিকট মার্চ মাসের ৩১ তারিখের মধ্যে অগ্রায়ণ করার নির্দেশনা রয়েছে। কিন্তু এসিআর দাখিলের ক্ষেত্রে উক্ত অনুশাসনমালা অনুসরণ করা হচ্ছে না। উল্লেখ্য, বার্ষিক গোপনীয় অনুশাসনমালা-২০২০ অনুযায়ী যথাসময়ে এসিআর জমা প্রদানের ব্যর্থতায় অসদাচরণ হিসেবে গণ্য করে বিভাগীয় মামলা চালু করার বিধান রয়েছে।

০২. এমতাবস্থায়, বার্ষিক গোপনীয় অনুশাসনমালা-২০২০ অনুযায়ী যথাযথভাবে পূরণ পূর্বক অনুবেদনাধীন, অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার স্বাক্ষর সম্বলিত বিগত বছর/বছরসমূহের এসিআর আগামী ০৭.১২.২০২৫ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য সকলকে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে এসিআর না পাওয়া গেলে এর দায়ভার প্রশাসন উপবিভাগ বহন করবে না।

০৩. বিষয়টি অতীব জরুরি।


২৬.১১.২৫
(রেজাউল কারিম)

মহাব্যবস্থাপক(প্রশাসন)

ফোন নং: ০২-২২৩৩৮০৯১১

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১) চেয়ারম্যান এর ব্যক্তিগত কর্মকর্তা [ব্যবস্থাপক(সমন্বয়)], বিএসএফআইসি, ঢাকা।
- ২) পরিচালক(অর্থ) বিএসএফআইসি, ঢাকা।
- ৩) সচিব, বিএসএফআইসি, ঢাকা।
- ৪) হিসাব নিয়ন্ত্রক, বিএসএফআইসি, ঢাকা।
- ৫) ব্যবস্থাপনা পরিচালক/ ইনচার্জ, সংশ্লিষ্ট মিল/প্রতিষ্ঠান।
- ৬) প্রধান/মহাব্যবস্থাপক(), বিএসএফআইসি, ঢাকা।
- ৭) ব্যবস্থাপক(তথ্য প্রযুক্তি)(তথ্য প্রযুক্তি উপবিভাগের দায়িত্বে), বিএসএফআইসি, ঢাকা(সংস্থার ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৮) ব্যক্তিগত নথি।